

## বিজ্ঞানভিত্তিক ইংরেজী শিক্ষা ॥

এফএম মেথডের ওপর

মাল্টিমিডিয়া সেমিনার

সম্প্রতি ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে জেনইন ইংলিশ ল্যাংগুয়েজ ল্যাবরেটরি গ্র্যান্ড রিসার্চ ইনস্টিটিউটের পক্ষ থেকে অধ্যাপক মোহাম্মদ ফিরোজ মুকুলের ১৭ বছরের গবেষণার ফসল FM Method-এর ওপর 'মাল্টিমিডিয়ায় ৩টি সেমিনার অনুষ্ঠিত হয়। ফিরোজ মুকুল বাংলা বাক্যের শেষের শব্দের ওপর ভিত্তি করে বাংলা ভাষাকে মাত্র ২টি ভাগে বিভক্ত করে FM Method তৈরি করেছেন। যে সকল বাংলা বাক্যের শেষের শব্দটি Verb, FM Method এ সেই একটি বাক্য থেকে ২২টি Angle -এ প্রশ্ন ও ২টি Angle -এ উত্তর দিয়ে প্রশ্নোত্তরসহ মোট ৪৪টি বাক্য ইংরেজীতে গঠন করা যায়। আর যে সকল বাংলা বাক্যের শেষের শব্দটি Non-verb সেইরূপ একটি বাক্য থেকে সর্বোচ্চ ১২০টি বাক্য ইংরেজীতে গঠন করা যায়। FM Method-এর সবচেয়ে বড় দিক হলো, এই পদ্ধতিটি কেবলমাত্র বাংলাভাষী মানুষের জন্যই প্রযোজ্য। এর আছে নিজস্ব দর্শন, দেশপ্রেমবোধ ও মাতৃভাষার চেতনা। প্রচলিত শিক্ষা ব্যবস্থায় কেন আমরা সর্বোচ্চ ডিগ্রী নেয়ার পরও আন্তর্জাতিক ভাষা ইংরেজী শিখতে বহুলাংশে ব্যর্থ হই তার কারণসমূহও সেমিনারে বিস্তারিত আলোচনা কর হয়। -বিজ্ঞপ্তি।